গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
আদিতমারী, লালমনিরহাট
acladitmari.lalmonirhat.gov.bd

## ১৪৩১-১৪৩৩ বাংলা সনের জলমহাল ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা নিবন্ধিত মৎস্যজীবি সমবায় সমিতি/সংগঠনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আদিতমারী উপজেলাধীন নিম্ন তালিকায় উল্লিখিত জলমহালসমূহ নির্ধারিত শর্তাবলি প্রতিপালন সাপেক্ষে ০৩ (তিন) বছরের জন্য (১৪৩১-১৪৩৩ বাংলা সন) পর্যন্ত ইজারা প্রদান করা হবে। এজন্য ভূমি মন্ত্রনালয় কর্তৃক জারিকৃত ২-১১-২০২৩ খ্রি: তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮ .০২০.০৯ (অংশ-)-৬৬২ নং প্রজ্ঞাপন অনুযায়ী নিবন্ধিত ও প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি কর্তৃক অনলাইনে ইজারার আবেদন দাখিল করতে হবে।

আগ্রহী সমিতির সভাপতি/সম্পাদক ভূমি মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.land.gov.bd অথবা jm.lams.gov.bd লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে চলতি বাংলা ১৪৩০ সনের আগামী ৯ মাঘ থেকে ৩ ফাল্গুনের মধ্যে (২৩-০১-২০২৪ খ্রি: হতে ১৬-০২-২০২৪ খ্রি: তারিখ) অনলাইনে আবেদন দাখিল করতে হবে। অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল প্রিন্ট কপিসহ জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূল কপি ও আবেদন বাবদ জমাকৃত চালানের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে অফিস চলাকালীন আবশ্যিকভাবে এ কার্যালয়ে দাখিল করতে হবে। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এবং এ সংক্রান্ত ভূমি মন্ত্রণালয়ের জারিকৃত পরিপত্র/নির্দেশনার আলোকে প্রাপ্ত আবেদনসমূহ নির্ধারিত সিডিউল মোতাবেক যাচাই-বাছাইঅন্তে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপনপূর্বক জলমহাল ইজারার সিদ্ধান্ত গৃহীত হবে।

| ক্রমিক নং | গৃহীত কার্যক্রম | তারিখ ও সময় |
|---|---|---|
| ০১ | অনলাইনে আবেদন দাখিল | আগামী ৯ মাঘ থেকে ৩ ফাল্গুন, ১৪৩০ এর মধ্যে (২৩ জানুয়ারি-১৬ ফ্রেবুয়ারী, ২০২৪) |
| ০২ | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আদিতমারী, লালমনিরহাট দাখিল | ৫ ফাল্গুন, ১৪৩০ থেকে পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে (১৮-২০ ফেব্রুয়ারি ২০২৪) |

### ইজারা যোগ্য জলমহাল

| ইউনিয়নের নাম | জলমহালের নাম | সর্বনিম্ন বার্ষিক ইজারা মূল্য | দরপত্র/সিডিউলের মূল্য (অফেরৎযোগ্য) | জলমহালের তফসিল |
|---|---|---|---|---|
| সাপ্টিবাড়ী | বড়বিল/ছোটবিল/চাতরাবিল সাজোয়া বিল | ৪৫১৫০/- | ৫০০/- | মৌজাঃখাতাপাড়া , দাগনং ৬৩৩,১১০১,১১০৫,১১২১ জমি-১১.৭৯ একর |

প্রয়োজনীয় শর্তাববলী:

০১। সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী প্রকৃত মৎস্যজীবিদের সমিতি যা সমবায়/সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধিত, সে সমিতি বা সমিতিসমূহ নির্দিষ্ট বা তীরবর্তী জলমহাল ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে, কোন ব্যক্তি বা অ-নিবন্ধিত সমিতি/ সংগঠন আবেদন করতে পারবে না।

০২। অনলাইন ব্যতিত কোন আবেদন গ্রহণ করা হবেনা।

০৩। কোন মৎস্যজীবী সমবায় সংগঠন/ যুব মৎস্যজীবী সমিতি ০২ (দুই) টির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবেন না।

০৪। দরপত্রের সাথে প্রদত্ত দরের ২০% অর্থ ব্যাংক ড্রাফট/পে অর্ডারের মাধ্যমে ( যে কোন তফসিলি ব্যাংক থেকে) উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী, লালমনিরহাট বরাবর দাখিল করতে হবে।

০৫। জলমহাল ইজারা কমিটি কর্তৃক অনুমোদনক্রমে সর্বোচ্চ দরপত্র গ্রহন করা হবে।

০৬। দরপত্রে উল্লিখিত অর্থের এক বছরের ইজারামূল্যের ৫০% অর্থ ইজারা গ্রহন করার সাথে সাথে জমা দিতে হবে বাকী ৫০% অর্থ ১৫ (পনের) দিনের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় ৫০% অর্থ বাজেয়াপ্ত করা হবে।

০৭। অনুমোদিত দরদাতা সমিতিকে সরকারী বিধি মোতাবেক স্থিরকৃত মূল্যের অতিরিক্ত ১৫% মূল্য সংযোজন কর এবং ১০% আয়কর প্রদান করতে হবে।

০৮। দরদাতা মৎস্যজীবি সমবায় সমিতিগুলোকে অবশ্যই নিবন্ধনকৃত সনদপত্রের সত্যায়িত অনুলিপি দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

০৯। দরদাতা মৎস্যজীবি সমবায় সমিতিগুলোর কোন সদস্যের নিকট কোন ঋণ প্রদানকারী সংস্থা কর্তৃক প্রদত্ত ঋণের খেলাপী টাকা পাওনা থাকলে তাদের দরপত্র বিবেচনা করা হবে না।

১০। জলমহাল ইজারা আবেদন করার ক্ষেত্রে ৫০০/- টাকা অফেরতযোগ্য নির্দিষ্ট ১/৪৬৩১/০০০০/১২৬১ নং কোডে জমা প্রদান করতে হবে।

১১। ইজারা মূল্যের এক বছরের অর্থ, মূল্য সংযোজন কর (ভ্যাট) ও আয়কর এর অর্থ আদায়ের পর প্রস্তাবিত ইজারার মেয়াদ আরম্ভ হওয়ার পূর্বেই ইজারাদার সমিতিকে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন- জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তি সম্পাদন করতে হবে। চুক্তি সম্পাদন ব্যতিত দখল দেয়া যাবে না।

১২। ইজারাকৃত জলমহাল কোনভাবেই সাব- লিজ দেয়া যাবে না। সাব লীজ কিংবা ইজারা চুক্তির কোন শর্ত ভঙ্গ করলে ইজারা বাতিল বলে গণ্য হবে।

১৩। জলমহালসমূহ রক্ষণাবেক্ষনের দায়িত্ব ইজারাদারের এবং জলমহালের কোন প্রকার ক্ষতির জন্য ইজারাদার দায়ী থাকবেন।

১৪। ইজারা মেয়াদের দ্বিতীয় বছর এবং পরবর্তী বছর সমুহের ইজারা মূল্য বছর শুরু হওয়ার পূর্বেই পরিশোধ করতে হবে। নির্ধারিত সময়সূচী অনুযায়ী ইজারা মূল্য পরিশোধে ব্যর্থ হলে ইজারা বাতিল হবে এবং জলমহাল নতুন করে ইজারা দেয়া হবে।

১৫। জলমহাল সুষ্ঠুভাবে ব্যবহৃত হচ্ছে কিনা তা কমিটি কর্তৃক নিয়মিত পরিদর্শন করা হবে।

১৬। সরকার হতে প্রাপ্ত এতদসংক্রান্ত যাবতীয় নির্দেশনাবলী সংশ্লিষ্ট সকলকে মেনে চলতে হবে।

১৭। ইজারা কমিটি কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।

Rownat
28.02.24

(রওজাতুন জান্নাত)
সহকারী কমিশনার (ভূমি)
ও
সদস্য-সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
আদিতমারী, লালমনিরহাট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
আদিতমারী, লালমনিরহাট।
acl.aditmari.lalmonirhat.gov.bd

স্মারক নং- ৩১.৪৭.৫২০২.০০৫.০০.০০০.২১- ২০(৮) তারিখঃ ১৪/০১/২০২৪ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, লালমনিরহাট-২ ও উপদেষ্টা, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, আদিতমারী, লালমনিরহাট

০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ও উপদেষ্টা, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, আদিতমারী, লালমনিরহাট

০৩। জেলা প্রশাসক, লালমনিরহাট।

০৪। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), লালমনিরহাট।

০৫। উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী, লালমনিরহাট।

০৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল) ------------------ইউনিয়ন ভূমি অফিস, আদিতমারী, লালমনিরহাট।

০৭। জনাব ........................................, অফিস সহকারী, উপজেলা ভূমি অফিস, আদিতমারী, লালমনিরহাট।

(রওজাতুন জান্নাত)
পরিচিতি নং- ১৮৮১৩
সহকারী কমিশনার (ভূমি)
আদিতমারী, লালমনিরহাট
ফোন: ০২৫৮৯-৯৮৮৪৩৮।
acladitmari@yahoo.com